



রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি
আইটি বিভাগ
ফোন-৮৮-০২৪৭-৮০০১২০
www.pbs.rajshahi.gov.bd

নম্বর: ২৭.১২.৮১৭২.৫৪৯.১০.০০৫.২৩.৬১

তারিখ: ২০ পৌষ ১৪২৯

০৪ জানুয়ারি ২০২৩

প্রাপক:

পরিচালক

পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-২৭.১২.০০০০.০০৭.১৮.১০২(১৯).২০২০.৫৭৪; তারিখঃ ১৪-০৬-২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র পবিসের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নিম্নে উল্লেখ করা হলোঃ

(১) পেপারলেস অফিসঃ ই-নথির কার্যক্রম বৃদ্ধির সাথে সাথে অত্র পবিসে কাগজের ব্যবহার হ্রাস করে সমিতির ব্যয় হ্রাস করা হয়েছে।

(২) ICBS: Integrated Centralized Billing System গত ৩০/১০/২০২২ খ্রিঃ তারিখে অত্র পবিসে লাইভ শুরু হয়। Techno Vista প্রতিষ্ঠানের সাথে বাপবিবো'র আইসিটি বিভাগ ও পবিসের আইটি বিভাগ কাজ করে যাচ্ছে। সম্মানিত গ্রাহকগণ অনলাইনে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারছেন।

(৩) তথ্য বাতায়নঃ পবিসের সার্বিক বিষয়াদি Website এ প্রকাশ করা হয়। সেবা বক্সে বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি যথা সময়ে প্রকাশ করা হচ্ছে।

(৪) Facebook, What's App: গ্রাহক সদস্যদের জ্ঞাতার্থে বিভিন্ন বিষয়ে তথ্য Facebook এর মাধ্যমে শেয়ার করা হয়। What's App এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের মাঝে অফিসিয়াল তথ্য আদান প্রদান করা হয়।

(৫) অনলাইন অবেদনঃ গ্রাহক হয়রানী দূরীকরণের লক্ষ্যে অনলাইনে আবেদনের মাধ্যমে বিদ্যুৎ সংযোগ প্রক্রিয়া চলমান। আবেদন প্রক্রিয়ার তথ্য এসএমএস এর মাধ্যমে প্রেরণ করা হয়।

(৬) অনলাইন গনশুনাগীঃ লাইভ গনশুনাগীর মাধ্যমে গ্রাহকগণ সরাসরি উর্ধতন কর্মকর্তার সাথে সমস্যা নিয়ে কথা বলে সমাধান নিয়ে থাকেন।

(৭) উদ্ভাবনী ধারণা/সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনঃ স্টাফ সভা সহ বিভিন্ন সভায় উল্লেখিত বিষয়ে আলোচনা হয়।

ডিজিটাল পদ্ধতির ব্যবহার ও উদ্ভাবনী ধারণা থেকে সেবা সহজীকরণের মাধ্যমে গ্রাহকসেবা সহজ, স্বচ্ছ ও ত্বরিত হয়েছে। এত পিবিসের ভাবমূর্তি বৃদ্ধি পেয়েছে।

(৮) ৪র্থ শিল্প বিপ্লবঃ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বাপবিবো'র নির্দেশনা মোতাবেক অত্র পবিস কাজ করে যাচ্ছে।

(৯) অনলাইন প্রশিক্ষণঃ পবিসের কর্মকর্তা/কর্মচারীদেরকে দক্ষ করার জন্য ZOOM, MEET এর মাধ্যমে অনলাইনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ে সময়ে সময়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়।

(১০) বিদ্যুৎ বিলের এসএমএসঃ এসএমএস এর মাধ্যমে গ্রাহকগণকে বিলের তথ্য প্রদান করা হয়।

...



৪-১-২০২৩

প্রকৌশলী মো: একরামুল হক

জেনারেল ম্যানেজার

ফোন: ০২৪৭৮০০১২০

ইমেইল: rajpbshq@gmail.com


নম্বর: ২৭.১২.৮১৭২.৫৪৯.১০.০০৫.২৩.৬১/১(২)

তারিখ: ২০ পৌষ ১৪২৯

০৪ জানুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) অফিস/মাস্টার কপি।



৪-১-২০২৩

প্রকৌশলী মো: একরামুল হক

জেনারেল ম্যানেজার